ভোরের কাগজ

তারিখ ... 01 JAN 03
পৃষ্ঠা ...২... কলাম ...২...

### সাংবাদিকদের সঙ্গে শিক্ষা প্রতিমন্ত্রীর মতবিনিময়

# ১৫ জানুয়ারির মধ্যে পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের হাতে পৌঁছে যাবে

**কাগজ প্রতিবেদক :** শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন গতকাল মঙ্গলবার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে জানান, ২০০৩ শিক্ষাবর্ষের প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তকের ৯৫ ভাগ সরবরাহ করা হয়েছে। মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক প্রথম পর্যায়ে ১ কোটি ২৫ লাখ মুদ্রণ সমাপ্ত হয়েছে। ২ জানুয়ারি থেকে পর্যায়ক্রমে ৬০টি বই বাজারজাত করা হবে এবং মাদ্রাসা শিক্ষার এবতেদায়ী স্তরের পাঠ্যপুস্তকের মুদ্রণ ৭৫ ভাগ সম্পন্ন হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সভাকক্ষে আয়োজিত মতবিনিময় অনুষ্ঠানে মন্ত্রী আরো জানান, প্রাথমিক স্তরের অবশিষ্ট ৫ ভাগ পাঠ্যপুস্তক আগামী ২ থেকে ৪ দিনের মধ্যেই সম্পন্ন হবে। সভায় জানানো হয়েছে, ২ জানুয়ারি মাধ্যমিক স্তরের আবশ্যিক ১৪টি বই, ৯ জানুয়ারি ২৭টি নৈর্বাচনিক এবং ১৫ জানুয়ারি অবশিষ্ট ১৯টি বই বাজারজাত করা হবে। মাধ্যমিকের ২৫ লাখ বই পুনর্মুদ্রণের ব্যবস্থা গ্রহণসহ বাজারে চাহিদা দেখা দিলে প্রয়োজনে আরো ৫০ লাখ পাঠ্যপুস্তক বাজারজাতকরণের প্রয়োজনীয় উপকরণের প্রস্তুতি এনসিটিবির রয়েছে বলে সভায় জানানো হয়েছে।

মাদ্রাসা শিক্ষার এবতেদায়ী স্তরের পাঠ্যপুস্তক প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, ইতিমধ্যে বই বাঁধাই হয়ে এনসিটিবির গুদামে জমা হচ্ছে। কোনো কোনো প্রতিষ্ঠান সরাসরি বই জেলায় জেলায়

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৭

### ১৫ জানুয়ারির মধ্যে পাঠ্যপুস্তক

● শেষের পাতার পর

পাঠাচ্ছে এবং ১০ থেকে ১২ জানুয়ারির মধ্যে পাঠ্যপুস্তক জেলায় পৌঁছে যাবে।

মতবিনিময় সভায় আসন্ন এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় গ্রেডিং সিস্টেম সংস্কার বিষয়ক আলোচনায় প্রতিমন্ত্রী বলেন, এই মুহূর্তে এ বিষয়ে কোনো কিছু বলা যাচ্ছে না, সচিবের রিপোর্ট হাতে আসার পর মন্ত্রীর সুপারিশের পর সিদ্ধান্ত কী হবে তা বলা যাবে। মতবিনিময় সভায় নোট বই, শিক্ষা পদ্ধতি, ভর্তি ফরমের মূল্য নির্ধারণ প্রভৃতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।